গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
fscdwelfarefund@gmail.com

স্মারক নং-৫৮.০৩.০০০০.০১৩.০২.০২৩.২৬- 9988

তারিখঃ ০৪/০৩/১৪৩৩ বঙ্গাব্দ।
২৮/০৬/২০২৬ খ্রিঃ।

বিষয় : ১০ জুন ২০২৬ খ্রিঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ''কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল" এর অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মদ জাহেদ কামাল, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি
মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

সভা নং : ২/২০২৬ খ্রিঃ।

তারিখ : ১০/০৬/২০২৬ খ্রিঃ।

সময় : সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : সম্মেলন কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

সভায় উপস্থিত কেন্দ্রীয় কমিটির সদস্যদের নামের তালিকা "পরিশিষ্ট-ক"।

সভাপতি উপস্থিত ও ভিটিসি এর মাধ্যমে সংযুক্ত সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি আলোচ্য সূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল শাখা, অধিদপ্তর কে নির্দেশনা প্রদান করেন। অতঃপর বিভিন্ন বিষয়ে আলোচনার পর সর্বসম্মতভাবে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃ নং | বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **শিক্ষা অনুদানের আবেদন পর্যালোচনা** | **(ক)** কর্মরত অবস্থায় মৃত কর্মকর্তা কর্মচারীর সন্তানদের শিক্ষা অনুদান প্রাপ্তির ০৩ (তিন) টি আবেদন পর্যালোচনা করে শিক্ষা অনুদান নীতিমালা ২০২৫ এর আলোকে শিক্ষা অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। (শিক্ষা অনুদান আবেদনের তালিকা পতাকা-ক) | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ২. | **চিকিৎসা সাহায্য** | **(ক)** নিজ ও পরিবারের সদস্যের চিকিৎসাজনিত কারণে ১৭ (সতের) জন সদস্যের চিকিৎসা সাহায্যের আবেদনের প্রেক্ষিতে ১৬ (ষোল) জন (তালিকা পতাকা-খ) কে সর্বমোট ৮,১৫,০০০/- (আট লক্ষ পনেরো হাজার) টাকা চিকিৎসা সাহায্য মঞ্জুর করা হয় এবং ০১ (এক) জনের আবেদন (মোঃ আতিকুল ইসলাম, পিএন-১১৯০৮/৫০৫২৩৭, ফায়ারফাইটার, চামড়া শিল্প নগরী ফায়ার স্টেশন, হেমায়েতপুর, সাভার, ঢাকা) ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্টে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | **(খ)** জরুরী চিকিৎসা সাহায্য বাবদ কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল হতে ০৩ (তিন) জন সদস্য কে প্রদানকৃত=২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা অনুমোদন দেয়া হয়। (তালিকা পতাকা-গ) | |
| | | **(গ)** ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ ০৭ (সাত) টি আবেদন বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৩. | **ঋণ সংক্রান্ত** | **(ক)** সাধারণ ঋণঃ- সাধারণ ঋণের মোট ২৬ (ছাব্বিশ) টি আবেদন পাওয়া যায়। যার মধ্যে ত্রুটিপূর্ণ ১৮ (আঠারো) টি আবেদন গ্রহণ না করার সিদ্ধান্ত গৃহীত হয়। অবশিষ্ট ০৮ (আট) টি আবেদন সঠিক হওয়ায় প্রত্যেকের নামে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা করে মোট =৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা সাধারণ ঋণ মঞ্জুরীর সিদ্ধান্ত গৃহীত হয় (তালিকা পতাকা-ঘ)। | |
| | | **(খ)** ল্যাপটপ ঋণঃ ল্যাপটপ ঋণের মোট ২৫ (পঁচিশ) টি আবেদন পাওয়া যায়। যার মধ্যে ত্রুটিপূর্ণ ১৫ (পনেরো) টি আবেদন গ্রহণ না করার সিদ্ধান্ত গৃহীত হয়। অবশিষ্ট ১০ (দশ) টি আবেদন সঠিক হওয়ায় প্রত্যেকের নামে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা করে মোট ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ল্যাপটপ ঋণ মঞ্জুরীর সিদ্ধান্ত গৃহীত হয় (তালিকা পতাকা-ঙ) | |
| | | **(গ)** মাসিক চাঁদা, ঋণের কিস্তি পরিশোধ ও বকেয়া আদায়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা কে নিয়মিত তদারকিসহ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে নির্দেশনা দেয়া হয়। এছাড়া প্রতিটি সভায় ঋণ খেলাপীদের তালিকা উপস্থাপনের নির্দেশনা দেওয়া হয়। | |

৪. **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সদস্য সহায়তা তহবিল**

**(ক)** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সদস্য সহায়তা তহবিল ব্যবস্থাপনা নীতিমালা (খসড়া) এর উপর বিভাগীয় উপপরিচালকগণের প্রেরিত মতামত পর্যালোচনা করতঃ খসড়া নীতিমালায় নিম্নোক্ত সংশোধনী অন্তর্ভুক্ত করে পরিমার্জন সাপেক্ষে নীতিমালাটি চূড়ান্ত করার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

**সংশোধনী :**

**২। সংজ্ঞা:**

২.৫ 'পারিবারিক সদস্য' অর্থ অপারেশনাল কর্মকান্ডে হতাহত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর কর্মকর্তা-কর্মচারীর পেনশন আইন মোতাবেক পারিবারিক সদস্য (আউট সোর্সিং ব্যতীত)।

**১০। তহবিল ব্যবস্থাপনা কমিটি :**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সদস্য সহায়তা তহবিল ব্যবস্থাপনা কমিটি নিম্নরূপ হবে:

| | | |
|---|---|---|
| মহাপরিচালক | - | সভাপতি |
| পরিচালক (প্রশাসন ও অর্থ) | - | সহসভাপতি |
| পরিচালক (অপারেশন ও মেইনটেন্যান্স) | - | সহসভাপতি |
| উপপরিচালক (প্রশাসন ও অর্থ) | - | সদস্য সচিব |
| সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ) | - | সদস্য |

উক্ত তহবিল ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিলের কেন্দ্রীয় কমিটির সভায় উপস্থাপিত হবে।

**১২। তহবিলের অর্থের হিসাব ব্যবস্থাপনা:**

১২.১ কমিটির সভাপতি ও সদস্য সচিব এর যৌথ স্বাক্ষরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সদস্য সহায়তা তহবিলের ব্যাংক হিসাব পরিচালিত হবে।

১২.২ কমিটির সভাপতি ও সদস্য সচিব এর যৌথ স্বাক্ষরে অ্যাকাউন্ট থেকে টাকা উত্তোলন করা যাবে।

**তফসিল-১**

১৩। সহায়তা মঞ্জুরীর সুপারিশ করা হলো/হলো না

পরিচালক (অপাঃ ও মেইনঃ)

**(খ)** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সদস্য সহায়তা তহবিল হতে অপারেশনাল কর্মকান্ডে গুরুতর আহত ০১ (এক) জন সদস্য (তৌহিদ খান, পিএন-৪০১০৯৪, ড্রাইভার, উপপরিচালকের দপ্তর, খুলনা) কে প্রদানকৃত আর্থিক সহায়তা বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অনুমোদন দেয়া হয়।

<table>
<tr>
<td>৫.</td>
<td>এফডিআর</td>
<td>
(ক) মার্চ/২০২৬ মাসে নিম্নবর্ণিত ০৫ (পাঁচ) টি এফডিআর এর মেয়াদ পূর্তিতে একই ব্যাংকে পুনরায় মূল টাকা লভ্যাংশসহ পরবর্তী এক বছরের জন্য নবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
এফডিআর সমূহঃ
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>ব্যাংকের নাম</th><th>এফডিআর হিসাব নং</th><th>লভ্যাংশের হার</th></tr>
<tr><td>১</td><td>পূবালী ব্যাংক পিএলসি<br>ইসলামি ব্যাংকিং কর্পোরেট শাখা<br>পল্টন ০৯, পুরানা পল্টন (১ম এন্ড ২য় ফ্লোর)<br>শহীদ সৈয়দ নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।</td><td>৫৩২২-১০৪-০২০৫২৩</td><td>৯.৫০%</td></tr>
<tr><td>২</td><td>ব্র্যাক ব্যাংক পিএলসি<br>প্রধান কার্যালয়, অনিক টাওয়ার, ২২০/বি, তেজগাঁও<br>গুলশান লিংক রোড, তেজগাঁও আই/এ, ঢাকা।</td><td>৩০৩৯৩৯০৩৩০০০৫</td><td>৯.২৫%</td></tr>
<tr><td>৩</td><td>ইউনাইটেড কমার্সিয়াল ব্যাংক পিএলসি (UCB)<br>কর্পোরেট অফিস, প্লট-সিডব্লিউএস(এ)-১,<br>রোড নং-৩৪, গুলশান এভিনিউ ঢাকা।</td><td>০৯৫১৪৫৫০০০০০০৩৯৫</td><td>১০.৫০%</td></tr>
<tr><td>৪</td><td>সীমান্ত ব্যাংক পিএলসি<br>কৃষি ভবন , মেজ্জানিন ফ্লোর , ৪৯-৫১ ,<br>দিলকুশা কমার্শিয়াল এরিয়া , মতিঝিল , ঢাকা।</td><td>১০০২৩৬১০০০০৩৯</td><td>১১.০০%</td></tr>
<tr><td>৫</td><td>সীমান্ত ব্যাংক পিএলসি<br>মতিঝিল শাখা, কৃষি ভবন (মেজ্জানিন ফ্লোর), ৪৯-৫১, দিলকুশা কমার্শিয়াল এরিয়া, মতিঝিল, ঢাকা।</td><td>১০০২৩৪৪০০০১৪২</td><td>১১.০০%</td></tr>
</table>
(খ) বর্তমান প্রেক্ষাপটে ইউনিয়ন ব্যাংক, ন্যাশনাল ব্যাংক ও এবি ব্যাংক থেকে মেয়াদ পূর্তিতে লভ্যাংশ স্থানান্তর করে কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিলের সঞ্চয়ী হিসাবে জমা, এবং অন্যান্য এফডিআর সমূহ চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।
</td>
<td></td>
</tr>
<tr>
<td>৬.</td>
<td>কক্সবাজার জেলার ইনানীতে ক্রয়কৃত জমিতে বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের উপর আলোচনা</td>
<td>
(ক) ইনানীর জমির বিষয়ে আইনি মতামত প্রাপ্তি সাপেক্ষে অবশিষ্ট জমি দ্রুত ক্রয় কার্য এবং নামজারীর কাজ সম্পন্ন করতে হবে।
(খ) ইনানীর জমির মালিকানা জটিলতা নিরসনে নিয়োজিত এ্যাডভোকেট কর্তৃক আইনী মতামতের কাজ দ্রুত সম্পন্ন করা সহ এ সংক্রান্ত দাখিলকৃত বিল পরিশোধ করতে হবে।
(রিসোর্ট/গেস্ট হাউজ) শুরু করার জন্য আর্কিটেকচারাল ডিজাইন (মাস্টার প্ল্যান) আগামী সমন্বয় সভায় ঠিকাদারী প্রতিষ্ঠান (BETECH, Engineering & Architect, মেহেদীবাগ, চট্টগ্রাম)) কর্তৃক পূর্ণাঙ্গ ডিজাইন উপস্থাপন করতে হবে এবং নিয়মানুযায়ী বিল পরিশোধ করতে হবে।
(ঘ) ইনানীতে ক্রয়কৃত ও ক্রয়তব্য জমির দালিলিক প্রমানাদি সংরক্ষণ ও জমির উপর রুজুকৃত মামলা নিস্পত্তি ও প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য শুরু হতে সৃজিত (১৯৪৩-২০২৩) পর্যন্ত সকল বায়া দলিলের নকল কপি উত্তোলন করতে হবে। উত্তোলনের প্রয়োজনীয় অর্থ পরিশোধ করতে হবে।
(ঙ) ইনানীতে ক্রয়কৃত জমির সার্বিক নিরাপত্তা ও তদারকি করার জন্য বিদ্যমান জনবলের সাথে প্রয়োজন অনুযায়ী জনবল সংযুক্ত করতে হবে।
(চ) ইনানীতে সংযুক্তকৃত জনবলকে প্রণোদনা হিসাবে মাসিক ৩০০০/- (তিন হাজার) টাকা হারে ভাতা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(ছ) ইনানীর ক্রয়কৃত জমিতে সমাপ্তকৃত বাউন্ডারী ওয়ালের পূর্ণাঙ্গ বিল পরিশোধ করাসহ জামানতের ৭০% টাকা পরিশোধ করতে হবে।
(জ) আসন্ন বর্ষা মৌসুমে বাউন্ডারির চর্তুদিকে ভরাটকৃত জায়গায় বিভিন্ন ধরনের ফলজ বৃক্ষরোপন করতে হবে।
নোটঃ উপরোক্ত কাজ সমূহের সকল ব্যয় নোট উপস্থাপনের মাধ্যমে অনুমোদন গ্রহণ সাপেক্ষে করতে হবে।
</td>
<td>কক্সবাজার জেলার ইনানীর জমি ক্রয় ও জমি উন্নয়ন সংক্রান্ত কমিটি</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| ৭ | **তহবিলের হিসাব** | কোন অ্যাকাউন্টে কত টাকা আছে এবং আয় ব্যয়ের হিসাব যথাযথভাবে সংরক্ষণের জন্য বলা হয় । এখন হতে প্রতিটি সভায় আয় ব্যয়ের হিসাব উপস্থাপন করতে হবে। |
| ৮ | **সফটওয়্যার** | কল্যাণ তহবিলের সকল তথ্য সংরক্ষণের জন্য সফটওয়্যার তৈরীর বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য বলা হয়। |

**০২।** সভায় আর কোন আলোচনা না থাকায় অধিদপ্তর কর্তৃক গ্রহণকৃত বিভিন্ন কার্যক্রম সফলভাবে সম্পন্নকরণের লক্ষ্যে আন্তরিকতা বজায় রেখে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে কার্যক্রম পরিচালনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করা হয়।

১৮/০৬/২৫

ব্রিগেডিয়ার জেনারেল
মুহাম্মদ জাহেদ কামাল, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি
মহাপরিচালক
ও
সভাপতি
কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল

স্মারক নং-৫৮.০৩.০০০০.০১৩.০২.০২৩.২৫- ৭৭৪৪

তারিখ: ০৪/৩/১৪৩২ বঙ্গাব্দ
১৮/৬/২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

১. পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা ।
২. উপপরিচালক (পরিকল্পনা কোষ/অ্যাম্বুলেন্স/উন্নয়ন/অপারেশন)-----------------------, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৪. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৫. সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ/ক্রয় ও স্টোর/অপারেশন/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/পরিকল্পনা/উন্নয়ন/প্রশিক্ষণ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, .................. ............................................(সকল)।
৭. সহকারী রক্ষণাবেক্ষন প্রকৌশলী, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৮. খন্ডকালিক চিকিৎসক, ট্রেনিং কমপ্লেক্স, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মিরপুর, ঢাকা।
৯. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,..............................................................(সকল)।
১০. সহকারী যোগাযোগ প্রকৌশলী (বেতার), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১১. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
১২. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, মিডিয়া সেল/আইসিটি সেল/রিফর্ম সেল।
১৪. এমটিও, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৫. সুপার/শাখা প্রধান................................................................................, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৬. এ অধিদপ্তরের গার্ড ফাইল/হিসাব/বাসাবরাদ্দ/নিয়োগ/বদলি/আইসিটি সেল/রেকর্ড/এইচআরএম/ডাটাএন্ট্রি/এসিআর/ট্রেনিং/ছুটি/তদন্ত/অপারেশন/রেশন/পেনশন/ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট/বৈদেশিক ক্রয়/ক্রয় ও স্টোর/পত্র গ্রহণ ও বিতরণ/ ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন /পরিকল্পনা/ অ্যাম্বুলেন্স/উন্নয়ন/ফায়ার এন্ড সেফটি সেল/নারী কল্যাণ শাখা।

মোঃ মিজানুর রহমান, পিএএম
উপপরিচালক (প্রশাঃ ও অর্থ)
ও
সদস্য সচিব
কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল